(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
নির্বাহী প্রকৌশলী এর দপ্তর
রাজশাহী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজশাহী

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩
১ জুলাই ২০২৬

নম্বর: ৪২.০১.৬১০০.৩৯৬.০০০.০৭.০০০৩.২৬.২৫৯০

**"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তি ও নবায়ন বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজশাহী পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫ এর বিধি ৮০(১)(ঘ) এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৫.০০ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্য ও ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২৬-২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার তালিকাভুক্তি/নবায়ন করা হবে। তত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং-৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখঃ ২০/০৭/২০২০ খ্রিঃ মোতাবেক নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে ২০২৬-২৭ অর্থ বৎসরের জন্য নতুন ঠিকাদার তালিকাভুক্তি ও তালিকাভুক্ত ঠিকাদারদের নবায়নের আবেদন করা যাবে। উল্লেখ্য, আবেদনপত্র অত্র দপ্তরের উচ্চমান সহকারীর নিকট সংগ্রহ ও জমা প্রদান করা যাবে।

১। তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারী নবায়নের তফসিল (কার্য ও পণ্য):

| ক্রঃ নং | নবায়নের আবেদন গ্রহণের শুরুর তারিখ | নবায়নের আবেদন জমাদানের শেষ তারিখ |
|---|---|---|
| ০১। | ০১/০৭/২০২৬ খ্রিঃ | ৩০/০৯/২০২৬ খ্রিঃ |

২। ঠিকাদার/সরবরাহকারী নতুন তালিকাভুক্তির আবেদনের তফসিল (কার্য ও পণ্য)ঃ

| ক্রঃ নং | ঠিকাদার/সরবরাহকারীর আবেদন গ্রহণের শুরুর তারিখ | ঠিকাদার/সরবরাহকারীর আবেদন জমাদানের শেষ তারিখ |
|---|---|---|
| ০১। | ০১/০৭/২০২৬ খ্রিঃ | ৩০/০৯/২০২৬ খ্রিঃ |

## শর্তাবলী

নবায়নের ক্ষেত্রে শর্তাবলীঃ

০১। ৫০০.০০ (পাঁচশত) টাকার ০১ (এক) টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ জমা প্রদান করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
০২। হাল নাগাদ ট্রেড লাইসেন্স আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।
০৩। ২৫.০০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সি সনদপত্র আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।
০৪। নবায়ন ফি বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা,তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে সত্বাধিকারী নারী হলে নবায়ন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং ১৫% হারে সংযোজন কর বাবদ ২২৫.০০ (দুইশত পঁচিশ) টাকা পৃথক ০২ (দুই) টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।
০৫। ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের অনুমোদন সাপেক্ষে তালিকাভুক্তি নবায়নের আবেদন চুড়ান্তভাবে গৃহীত হবে।

নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে শর্তাবলীঃ

০১। ৫০০.০০ (পাঁচশত) টাকার ০১ (এক) টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ জমা প্রদান করে আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
০২। আবেদনের সাথে বৈধ ট্রেড লাইসেন্স এবং BIN Certificate জমা প্রদান করতে হবে।
০৩। ২৫.০০ লক্ষ টাকার ব্যাংক সলভেন্সি সনদপত্র আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। ব্যাংক সলভেন্সি সনদপত্র আবেদন গ্রহণ শুরুর তারিখ হতে জমাদানের শেষ তারিখের মধ্যে হতে হবে।
০৪। ২০২৫-২৬ অর্থ বছরের আয়কর প্রদানের প্রমাণক আবেদনের সাথে জমা প্রদান করতে হবে।
০৫। আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র এবং সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।
০৬। বাপাউবো'র নির্ধারিত ছকে ৩০০.০০ (তিনশত টাকার) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গিকারনামা প্রদান করতে হবে।
০৭। ঠিকাদারী প্রতিষ্ঠানে কর্মরত জনবলের প্রমাণক ও মেশিনারিজ ইকুইপমেন্ট আবেদনপত্রের সাথে জমা প্রদান করতে হবে।
০৭। ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের অনুমোদন সাপেক্ষে নতুন তালিকাভুক্তির আবেদন চুড়ান্তভাবে গৃহীত হবে।
০৮। ঠিকাদার তালিকাভুক্তি কমিটির সুপারিশ এবং প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী মহোদয়ের প্রাথমিক অনুমোদন পর

নতুন ঠিকাদার তালিকাভুক্তির ক্ষেত্রে তালিকাভুক্তি ফি ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা, তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের ক্ষেত্রে সত্বাধিকারী নারী হলে তালিকাভূক্তি ফি ৩০০০.০০ (তিন হাজার) টাকা এবং ১৫% হারে সংযোজন কর বাবদ ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা পৃথক ০২ (দুই) টি ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী বরাবর করতঃ অত্র দপ্তরের সাধারণ শাখায় জমা প্রদান করতে হবে।

১৫-০৭-২০২৬
মোঃ আরিফুর রহমান অঙ্কুর
নির্বাহী প্রকৌশলী (পুর)

নম্বর: ৪২.০১.৬১০০.৩৯৬.০০০.০৭.০০০৩.২৬.২৫৯০/১ (১৪)

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩
১ জুলাই ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রাজশাহী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, রাজশাহী।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, পানি ভবন, লেভেল-৯, ৭২ গ্রীণরোড, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী জাতীয় পত্রিকায় প্রকাশের জন্য মহোদয়কে সবিনয় অনুরোধ করা হলো।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা। তালিকাটি বাপাউব ো ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। জেলা প্রশাসক, রাজশাহী।
৭। পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।
৮। সি.এস. ও টু মহাপরিচালক, বাপাউবো, পানি ভবন, লেভেল-৫, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
৯। নির্বাহী প্রকৌশলী, নওগাঁ/ নাটোর / চাঁপাইনবাবগঞ্জ / বগুড়া/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ পাবনা/ বেড়া পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ/ বগুড়া/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ পাবনা/ বেড়া।
১০। উপ-বিভাগীয় প্রকৌশলী, রাজশাহী পানি উন্নয়ন উপ-বিভাগ-১/২/৩, বাপাউবো, রাজশাহী।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, রাজশাহী।
১২। সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
১৩। উপ-সহকারী প্রকৌশলী/প্রাক্কলনিক, অত্র দপ্তর।
১৪। জনাব, ----------------------------------------------------------------------------------------------------।

১৫-০৭-২০২৬
মোঃ আরিফুর রহমান অঙ্কুর
নির্বাহী প্রকৌশলী (পুর)